


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
জীবননগর উপজেলা, চুয়াডাঙ্গা



সভার নোটিস

বিষয়: উপজেলা ওয়াটসন কমিটির সভায় অংশ গ্রহন প্রসঙ্গে।

উপজেলা ওয়াটসন কমিটির সম্মানিত সকল সদস্য ও অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত কমিটি সভা আগামী ০৯/১১/২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপজেলা, চুয়াডাঙ্গা। নির্ধারিত তারিখ ও সময়ে কমিটির সম্মানিত সকল সদস্যকে উপস্থিত থাকার বিশেষ ভাবে জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি:

১. গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ।
২. সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্পের পাইপ লাইনের দৈর্ঘ্য ৪ কি.মি থেকে ৮ কি.মি উন্নীতকরণ ও কমিউনিটি বেজড পাইপ লাইন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৩. সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্ত পানির উৎসের কাজ শুরু ও সাইট সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৪. বড় বড় বাজার গুলোতে স্বাস্থ্য সমত পাবলিক টয়লেট সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।



(মোঃগোলাম শরীফ)

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ও সদস্য-সচিব,
উপজেলা ওয়াটসন কমিটি,
জীবননগর উপজেলা, চুয়াডাঙ্গা।

স্মারকনং:- ৪৬.২০৩.১৮৫৫.৪০১.০১.০০৩.১৯-২০৮
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

তারিখ: ৩১/১০/২০২৩ খ্রি.

১. উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
২.অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা-
৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৫.চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৬. অফিস নথি।


(মোঃগোলাম শরীফ)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
জীবননগর উপজেলা, চুয়াডাঙ্গা।

উপজেলা ওয়াটসন "কমিটির নভেম্বর /২০২৩ মাসের কার্যবিবরণী :

সভাপতি : জনাব মো: হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ : ০৯/১১/২০২৩ খ্রি: সময়: সকাল ১১.০০ ঘটিকা"
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার শুরুতেই সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মো:হাফিজুর রহমান উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জীবননগর উপজেলা, চুয়াডাঙ্গা ও সদস্য-সচিব কে অনুরোধ জানান।

আলোচ্যসূচি : বিভাগীয় আলোচনা


জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :-

১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর, আরো জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে মোট ২০৮ টি নলকূপ কাজ চলমান আছে। মোট ২০৮ টি নলকূপের মধ্যে ১০৪ টি তারা অগভীর এবং বাকি ১০৪ টি অগভীর সাবমার্সিবল নলকূপ স্থাপিত হবে।
২. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর, আরো জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্পের আনুসঙ্গিক কাজ চলমান আছে। তবে প্রকল্প এলাকায় পানিতে ব্যাপক আর্সেনিক ও আয়রন বিদ্যমান। কিন্তু স্থাপিত ০২ টি উৎপাদক নলকূপের পানির গুণাগুণগত ভালো পাওয়ায় উক্ত এলাকার জনসাধারণ প্রকল্পের সুপেয় পানি নিতে ও ব্যবহার করতে ইচ্ছুক। কিন্তু প্রকল্পে সংস্থান রয়েছে পাইপ ডিস্ট্রিবিউশন লাইন ৪ কি.মি ও ৩০০ টি হাউস কানেকশন।
৩. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর, আরো জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন আগত সেবা গ্রহীতদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা নাই, এবং বড় বড় বাজার গুলোতে স্বাস্থ্য সম্মত পাবলিক টয়লেট না থাকায় স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে এজন্য বাজার গুলোতে স্বাস্থ্য সম্মত পাবলিক টয়লেট স্থাপন জরুরী হয়ে পড়েছে।

সিদ্ধান্তঃ-

১. সভাপতি মহোদয় বক্তব্য রাখেন যে, সাধারণ জনগনের চাহিদা বিবেচনা করে প্রকল্পের সংস্থান রয়েছে পাইপ ডিস্ট্রিবিউশন লাইন ৪ কি.মি ও ৩০০ টি হাউস কানেকশন এর বিপরীতে পাইপ ডিস্ট্রিবিউশন লাইন ৮ কি.মি ও ৬০০ টি হাউস কানেকশন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকল সদস্য ও সর্বসম্মতিক্রমে পাইপ ডিস্ট্রিবিউশন লাইন ৮ কি.মি ও ৬০০ টি হাউস কানেকশন বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
২. সভাপতি মহোদয় বক্তব্য রাখেন যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে মোট ২০৮ টি নলকূপ স্থাপনের কাজ গুণগতমান বজায় রেখে দ্রুত সমাপ্তির জন্য নির্দেশনা প্রদান করেন।
৩. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর, আরো জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন আগত সেবা গ্রহীতদের জন্য উপজেলা চত্তরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নতুন মসজিদের সামনে রাস্তা সংস্কার জরুরী।
৪. সভাপতি মহোদয় আরো বক্তব্য রাখেন যে, উপজেলায় বিভিন্ন বড় বড় বাজারে স্বাস্থ্য সম্মত প্রাবলিক টয়লেট স্থাপনের প্রয়োজন। এজন্য প্রয়োজনীয় সংখ্যক স্বাস্থ্য সম্মত টয়লেট স্থাপনে জন্য অনুরোধ জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: হাফিজুর রহমান

সভাপতি

“ উপজেলা ওয়াটসন কমিটি ”

ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ,

জীবননগর, চুয়াডাঙ্গা।